গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মহাপরিচালকের কার্যালয়
যুব উন্নয়ন অধিদপ্তর
যুব ভবন
১০৮, মতিঝিল বা/এ,ঢাকা-১০০০
www.dyd.gov.bd

স্মারক নং-৩৪.০১.০০০০.০২৬.২৩.০৩৫.১৬- ৭৬২ তারিখঃ ২৪.০৮.১৬খ্রিঃ

**বিষয়: জাতীয় যুবপুরস্কার ২০১৬ প্রদানের লক্ষ্যে আত্মকর্মী যুবক ও যুব নারী, শ্রেষ্ঠ যুবসংগঠক(নারী ও পুরুষ) এবং বিশেষ চাহিদাসম্পন্ন / অটিস্টিক যুব'র মনোনয়ন প্রস্তাব প্রেরণ প্রসঙ্গে।**

জাতীয় যুবদিবস ২০১৬ পালন উপলক্ষে অন্যান্য বছরের ন্যায় এবারও আত্মকর্মসংস্থানে সফল আত্মকর্মী যুবক ও যুবমহিলা এবং সংগঠনভিত্তিক কার্যক্রমের মাধ্যমে দেশের আর্থ-সামাজিক উন্নয়ন কর্মকাণ্ডে অসাধারণ অবদানের জন্য শ্রেষ্ঠ যুবসংগঠক এবং বিশেষ চাহিদাসম্পন্ন / অটিস্টিক যুবকে জাতীয় যুবপুরস্কার প্রদান করা হবে।

০২। এ লক্ষ্যে উপযুক্ত প্রার্থী মনোনয়নের জন্য আবেদন ফরম এতদসংগে সংযুক্ত করা হলো। এক্ষেত্রে **জাতীয় যুবপুরস্কার নীতিমালা (সংশোধিত)-২০১৬** অনুসরণ করতে হবে যা যুব উন্নয়ন অধিদপ্তরের ওয়েব সাইট (www.dyd.gov.bd) এ দেয়া আছে।

০৩। নীতিমালা অনুসরণপূর্বক যথাযথভাবে মূল্যায়ন ছক পূরণ করে জেলা মনোনয়ন কমিটির কার্যবিবরণীসহ প্রতি জেলা হতে আত্মকর্মী কোটায় একজন যুবক ও একজন যুব নারী, যুবসংগঠক কোটায় একজন পুরুষ সংগঠক ও একজন নারী সংগঠক এবং বিশেষ চাহিদাসম্পন্ন /অটিস্টিক(যদি থাকে) যুব'র মনোনয়ন প্রস্তাব প্রয়োজনীয় কাগজপত্র ও সচিত্র প্রতিবেদনসহ নিম্নস্বাক্ষরকারীর নিকট আগামী ২০/০৯/২০১৬খ্রিঃ তারিখের মধ্যে প্রেরণ নিশ্চিত করার জন্য অনুরোধ করা যাচ্ছে। এছাড়া, ভিডিও চিত্রের সিডি আবেদনের সাথে সংযুক্ত করতে হবে। জাতীয় যুবপুরস্কার নীতিমালা ২০১৬ অধিদপ্তরের ওয়েব সাইট থেকে ডাউনলোড করে সংগ্রহ ও সংশ্লিষ্টদের নিকট সরবরাহ করা যেতে পারে। আবেদন প্রেরণের সময় আবেদন ফরম সঠিকভাবে পূরণ করে যাচিত সকল তথ্য সঠিকভাবে প্রেরণের জন্য সংশ্লিষ্ট সকলকে নির্দেশনা দেয়া হলো। এ বিষয়ে কোন ব্যত্যয় ঘটলে সংশ্লিষ্ট কর্মকর্তা ব্যক্তিগতভাবে দায়ি হবেন।

০৪। প্রসংগক্রমে উল্লেখ্য, কোনো প্রার্থী না পাওয়া গেলেও তার যথোপযুক্ত কারণ উল্লেখসহ জেলা প্রশাসকের সভাপতিত্বে অনুষ্ঠিত জেলা মনোনয়ন কমিটির সভার কার্যবিবরণীর মাধ্যমে তা নির্দিষ্ট তারিখের মধ্যে প্রধান কার্যালয়কে অবহিত করতে হবে।

সংযুক্তিঃ আবেদন ফরম ০২(দুই) ফর্দ।

২৪.০৮.২০১৬

(আনোয়ারুল করিম)
মহাপরিচালক
ফোন: ৯৫৫৯৩৮৯

উপ-পরিচালক
যুব উন্নয়ন অধিদপ্তর
..........................(সকল)জেলা।

স্মারক নং-৩৪.০১.০০০০.০২৬.২৩.০৩৫.১৬- ৭৬২ তারিখঃ ২৪.০৮.১৬খ্রিঃ।

অনুলিপি সদয় জ্ঞাতার্থে ঃ

০১। জেলা প্রশাসক,.........................................................(সকল) জেলা।
০২। পরিচালক/প্রকল্প পরিচালক.........................................................(সকল), যুব উন্নয়ন অধিদপ্তর, ঢাকা
০৩। মাননীয় প্রতিমন্ত্রীর একান্ত সচিব, যুব ও ক্রীড়া মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০৪। মাননীয় উপমন্ত্রীর একান্ত সচিব, যুব ও ক্রীড়া মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০৫। সচিব মহোদয়ের একান্ত সচিব, যুব ও ক্রীড়া মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০৬। কম্পিউটার প্রোগ্রামার, আইসিটি শাখা, যুব উন্নয়ন অধিদপ্তর, ঢাকা।(তাঁকে পত্রটি ওয়েব সাইটে দেয়ার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো)।
০৭। মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত সহকারী, যুব উন্নয়ন অধিদপ্তর, ঢাকা।
০৮। অফিস কপি।

২৪/৮/১৬

(মোহাম্মদ আবুল বাসার)
সহকারী পরিচালক(বাস্তবায়ন)

# জাতীয় যুবপুরস্কারের প্রস্তাব প্রেরণ সংক্রান্ত

## আত্মকর্মী কোটা ঃ

০১। একজন পুরুষ আত্মকর্মী

০২। একজন নারী আত্মকর্মী

০৩। বিশেষ চাহিদাসম্পন্ন /অটিস্টিক হিসাবে (যদি থাকে) একজন পুরুষ অথবা একজন নারী

## যুবসংগঠক কোটাঃ

০১। একজন পুরুষ যুবসংগঠক

০২। একজন নারী যুবসংগঠক

০৩। বিশেষ চাহিদাসম্পন্ন /অটিস্টিক হিসাবে (যদি থাকে) একজন পুরুষ অথবা একজন নারী

# জাতীয় যুবপুরস্কার নীতিমালা (সংশোধিত)-২০১৬

১.০ **শিরোনামঃ** এ নীতিমালা জাতীয় যুবপুরস্কার নীতিমালা (সংশোধিত) ২০১৬ নামে অভিহিত হবে।

২.০ **জাতীয় যুবপুরস্কার প্রদানের পটভূমি ঃ**

যুব উন্নয়ন অধিদপ্তর সৃষ্টিলগ্ন হতে বেকার যুবদের বিভিন্ন ট্রেডে প্রশিক্ষণ দিয়ে দক্ষ মানবসম্পদে পরিণত করার লক্ষ্যে নিরলস প্রচেষ্টা চালিয়ে যাচ্ছে। প্রশিক্ষিত যুবরা স্বল্প পুঁজি নিয়ে সংশ্লিষ্ট ট্রেডে প্রকল্প গ্রহণ করে তাদের আর্থ-সামাজিক অবস্থার উন্নয়নে নিজেদের নিয়োজিত করছেন। প্রকল্প গ্রহণের মাধ্যমে একদিকে নিজেরা যেমন স্বাবলম্বী হচ্ছেন তেমনি অন্যদিকে এক বা একাধিক যুব প্রত্যক্ষ ও পরোক্ষভাবে বেকারত্ব লাঘব করাসহ জাতীয় প্রবৃদ্ধিতে উল্লেখযোগ্য অবদান রাখছেন এবং কর্মসংস্থানের সুযোগ সৃষ্টি করছেন। পাশাপাশি যুবসংগঠকগণ যুব উন্নয়ন অধিদপ্তরের সাথে সম্পৃক্ত থেকে যুবকর্মের মাধ্যমে জনহিতকর ও সেবামূলক কর্মকাণ্ডে অবদান রেখে যুবসমাজ ও যুবসংগঠনের জন্য অনুকরণীয় দৃষ্টান্ত স্থাপন করে আসছেন। এ অবস্থা পর্যবেক্ষণ করে সরকার সারাদেশের সফল আত্মকর্মী এবং যুবসংগঠকদের মধ্য হতে শ্রেষ্ঠ কয়েকজনকে নীতিমালার আলোকে নির্বাচন করে প্রতিবছর জাতীয় যুবদিবসে পুরস্কার প্রদান করার সিদ্ধান্ত গ্রহণ করে।

৩.০ **জাতীয় যুবপুরস্কার প্রদানের উদ্দেশ্য ঃ**

৩.১ যুব উন্নয়ন অধিদপ্তরের আওতায় দেশব্যাপী বিভিন্ন ট্রেডে প্রশিক্ষণপ্রাপ্ত শ্রেষ্ঠ সফল আত্মকর্মী যুবদের পুরস্কার প্রদানের মাধ্যমে জাতীয় পর্যায়ে স্বীকৃতি প্রদান করা।

৩.২ প্রশিক্ষিত যুবদের আত্মকর্মী হতে উদ্বুদ্ধ করা।

৩.৩ যুব আত্মকর্মীদের সামাজিক মর্যাদা বৃদ্ধি করা।

৩.৪ স্বেচ্ছাসেবার ভিত্তিতে যুব সংগঠনের মাধ্যমে সার্বিক যুব কার্যক্রম ও সমাজসেবামূলক উন্নয়ন কর্মকান্ডে বিশেষ অবদানের স্বীকৃতি প্রদান।

৩.৫ দেশের দারিদ্র্য বিমোচন ও আর্থ-সামাজিক উন্নয়নে বিশেষ অবদান রাখার জন্য এবং অর্থনৈতিক কর্মকাণ্ডে অবদান রাখার ক্ষেত্রে যুব গোষ্ঠির মাঝে আগ্রহ-উদ্দীপনা ও প্রতিযোগিতার মনোভাব সৃষ্টি করা।

৩.৬ বেকারত্ব নিরসন, যুবদের মাঝে আত্মসচেতনতা বৃদ্ধি এবং দেশের উন্নয়ন স্রোতধারায় যুবদের সম্পৃক্তকরণে অনুপ্রাণিত করা।

৪.০ **সংজ্ঞাঃ**

৪.১ **যুব** ঃ জাতীয় যুব নীতিমালা অনুযায়ী ১৮-৩৫(যুবক ও যুবমহিলা) বছর বয়সী বাংলাদেশের নাগরিককে বুঝাবে।

৪.২ **প্রশিক্ষণঃ** যুব উন্নয়ন অধিদপ্তর কর্তৃক পরিচালিত প্রাতিষ্ঠানিক ও অপ্রাতিষ্ঠানিক দক্ষতাবৃদ্ধিমূলক সকল প্রশিক্ষণকে বুঝাবে।

৪.৩ **আত্মকর্মীঃ** যুব উন্নয়ন অধিদপ্তরের প্রাতিষ্ঠানিক/অপ্রাতিষ্ঠানিক কোন ট্রেডে প্রশিক্ষণ গ্রহণ করে নিজ প্রচেষ্টায় স্ব-অর্থায়নে বা সরকার কিংবা কোনো অর্থলগ্নী প্রতিষ্ঠানের আর্থিক সহায়তায় সংশ্লিষ্ট ট্রেডে আত্মকর্মসংস্থানমূলক প্রকল্প গ্রহণের মাধ্যমে স্বাবলম্বী ব্যক্তিকে বুঝাবে।

৪.৪ **যুবসংগঠক ঃ** দেশের সরকারি নিবন্ধনকারী সংস্থা কর্তৃক নিবন্ধনকৃত এবং যুব উন্নয়ন অধিদপ্তর কর্তৃক তালিকাভুক্ত যুবসংগঠনের সক্রিয় সদস্য হিসেবে যিনি সার্বিক যুব কার্যক্রমসহ বিভিন্ন সমাজসেবামূলক কর্মকান্ডে যুবসমাজকে উদ্বুদ্ধ করতে উল্লেখযোগ্য ও অনুকরণীয় ভূমিকা পালন করেছেন এরূপ ১৮ থেকে তদুর্ধ বছর বয়সী সক্ষম ব্যক্তিকে বুঝাবে।

৪.৫ **পুরস্কার ঃ** বাংলাদেশ সরকার কর্তৃক জাতীয় যুবদিবসের জন্য অনুমোদিত জাতীয় যুবপুরস্কার (চেক/প্রাইজবন্ড,ক্রেস্ট ও সনদপত্র) কে বুঝাবে।

৫.০ **পুরস্কারের অর্থের উৎস ঃ** সরকারি মঞ্জুরি (বাংলাদেশ সরকারের তহবিল) অথবা অন্য কোনো উৎস থেকে প্রাপ্ত অর্থ।

৬.০ **পুরস্কারের ধরণ ও প্রকৃতি ঃ**

৬.১ **অর্থের পরিমাণঃ** ৩০,০০০-৭০,০০০/- টাকার মধ্যে (সরকার নির্বাহী আদেশের মাধ্যমে পুরস্কারের অর্থের পরিমাণ হ্রাস-বৃদ্ধি করতে পারবে)।

৬.২ চেক/প্রাইজবন্ড,ক্রেস্ট ও সনদপত্র।

৭.০ **পুরস্কারের সংখ্যা ঃ ১৯ টি**

৭.১ সফল আত্মকর্মী পুরস্কার -১৪ টি

৭.২ শ্রেষ্ঠ যুবসংগঠক পুরস্কার -০৫ (পুরুষ-২, নারী- ২ ও বিশেষ চাহিদা সম্পন্ন-১)

৮.০ **পুরস্কারের ধরণ ঃ**

৮.১ **সফল আত্মকর্মী পুরস্কারঃ** সারাদেশ হতে ১ম, ২য় ও ৩য় স্থান অধিকারীর জন্য ০৩ টি, ০৮টি বিভাগ হতে ০১টি করে ০৮টি, উপজাতি(পার্বত্য জেলা) কোটায় ০১টি, নারী কোটায় ০১টি, বিশেষ চাহিদা সম্পন্ন/অর্টিস্টিক কোটায় ০১টি মোট **(৩+৮+১+১+১)**= ১৪টি পুরস্কার।

৮.২ **শ্রেষ্ঠ যুবসংগঠক পুরস্কারঃ** জাতীয় পর্যায়ে সারাদেশের যুবসংগঠকদের মধ্য থেকে পুরুষের ক্ষেত্রে ০২(দুই)টি, নারীর ক্ষেত্রে ০২(দুই) টি ও বিশেষ চাহিদা সম্পন্ন /অটিষ্টিক ব্যক্তির ক্ষেত্রে ০১(এক)টি মোট ০৫(পাঁচ) টি পুরস্কার।

৯.০ **জাতীয় পুরস্কার কমিটি ঃ**

| | | |
|---|---|---|
| ১) | মাননীয় মন্ত্রী/প্রতিমন্ত্রী, যুব ও ক্রীড়া মন্ত্রণালয় | সভাপতি |
| ২) | মাননীয় উপ-মন্ত্রী, যুব ও ক্রীড়া মন্ত্রণালয় | সহ-সভাপতি |
| ৩) | সচিব,যুব ও ক্রীড়া মন্ত্রণালয় | সদস্য |
| ৪) | সচিব, কৃষি মন্ত্রণালয়( প্রতিনিধি যুগ্মসচিবের নীচে নয়) | সদস্য |
| ৫) | সচিব, তথ্য মন্ত্রণালয়( প্রতিনিধি যুগ্মসচিবের নীচে নয়) | সদস্য |
| ৬) | সচিব, ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠান বিভাগ,অর্থ মন্ত্রণালয় (প্রতিনিধি যুগ্মসচিবের নীচে নয়) | সদস্য |
| ৭) | সচিব, পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ,স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয় (প্রতিনিধি যুগ্মসচিবের নীচে নয়) | সদস্য |
| ৮) | সচিব,মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়(প্রতিনিধি যুগ্মসচিবের নীচে নয়) | সদস্য |
| ৯) | সচিব, সমাজকল্যাণ মন্ত্রণালয় (প্রতিনিধি যুগ্মসচিবের নীচে নয়) | সদস্য |
| ১০) | সচিব,মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়(প্রতিনিধি যুগ্মসচিবের নীচে নয়) | সদস্য |
| ১১) | মহাপরিচালক, যুব উন্নয়ন অধিদপ্তর | সদস্য |
| ১২) | সচিব, জাতীয় ক্রীড়া পরিষদ | সদস্য |
| ১৩) | মহাপরিচালক, বিকেএসপি | সদস্য |
| ১৪) | যুবসংগঠনের দুইজন উপযুক্ত প্রতিনিধি (মন্ত্রণালয় কর্তৃক মনোনীত) | সদস্য |
| ১৫) | যুগ্মসচিব(যুব-১), যুব ও ক্রীড়া মন্ত্রণালয় | সদস্য সচিব |

**কমিটির কর্মপরিধি ঃ**

৯.১ জাতীয় যুবপুরস্কার প্রদানের লক্ষ্যে যুব উন্নয়ন অধিদপ্তরের কেন্দ্রীয় মনোনয়ন কমিটির মাধ্যমে প্রাপ্ত প্রস্তাবের তথ্য ও উপাত্ত পর্যালোচনাপূর্বক চূড়ান্তভাবে প্রার্থী নির্বাচন করা।

১০.০ **কেন্দ্রীয় মনোনয়ন কমিটি ঃ**

| | | |
|---|---|---|
| ১) | মহাপরিচালক, যুব উন্নয়ন অধিদপ্তর | সভাপতি |
| ২) | উপ-সচিব(যুব), যুব ও ক্রীড়া মন্ত্রণালয় | সদস্য |
| ৩) | কৃষিঅধিদপ্তরের পরিচালক পর্যায়ের একজন প্রতিনিধি | সদস্য |
| ৪) | তথ্যঅধিদপ্তরের পরিচালক পর্যায়ের একজন প্রতিনিধি | সদস্য |
| ৫) | প্রাণিসম্পদ অধিদপ্তরের পরিচালক পর্যায়ের একজন প্রতিনিধি | সদস্য |
| ৬) | মৎস্য অধিদপ্তরের পরিচালক পর্যায়ের একজন প্রতিনিধি | সদস্য |
| ৭) | সমাজসেবা অধিদপ্তরের পরিচালক পর্যায়ের একজন প্রতিনিধি | সদস্য |
| ৮) | মহিলা ও শিশু বিষয়ক অধিদপ্তরের পরিচালক পর্যায়ের একজন প্রতিনিধি | সদস্য |
| ৯) | সমবায় অধিদপ্তরের পরিচালক পর্যায়ের একজন প্রতিনিধি | সদস্য |
| ১০) | বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড এর পরিচালক পর্যায়ের একজন প্রতিনিধি | সদস্য |
| ১১) | পরিচালক(প্রশাসন ও অর্থ), যুব উন্নয়ন অধিদপ্তর | সদস্য |
| ১২) | পরিচালক(পরিকল্পনা), যুব উন্নয়ন অধিদপ্তর | সদস্য |
| ১৩) | পরিচালক(প্রশিক্ষণ), যুব উন্নয়ন অধিদপ্তর | সদস্য |

১৪) পরিচালক(দাঃ বিঃ ও ঋণ), যুব উন্নয়ন অধিদপ্তর — সদস্য

১৫) যুবসংগঠনের দুইজন উপযুক্ত প্রতিনিধি একজন পুরুষ ও একজন মহিলা (মহাপরিচালক কর্তৃক মনোনীত) — সদস্য

১৬) পরিচালক(বাস্তবায়ন,মনিটরিং ও যুবসংগঠন), যুব উন্নয়ন অধিদপ্তর — সদস্য সচিব

**কমিটির কর্মপরিধি ঃ**

১০.১ জেলা হতে প্রাপ্ত আবেদন ও অন্যান্য তথ্যাদি নীতিমালার আলোকে যাচাই-বাছাইপূর্বক সংযুক্ত ছক(পরিশিষ্ট-গ) অনুযায়ী মূল্যায়ণ করে প্রতিবেদন প্রস্তুত করবে।

১০.২ প্রয়োজনে কমিটির সদস্য কর্তৃক আবেদনকৃত প্রার্থীদের প্রকল্পসমূহ সরেজমিনে পরিদর্শন করা।

১০.৩ জেলা থেকে প্রাপ্ত আবেদনপত্রসমূহ যাচাই বাছাই করে জাতীয় যুব পুরস্কার কমিটির নিকট যুবপুরস্কারের প্রার্থী নির্বাচনের জন্য সুপারিশ করা।

১০.৪ কেন্দ্রীয় মনোনয়ন কমিটি জাতীয় যুবপুরস্কারের জন্য জাতীয় যুব দিবসের ন্যূনতম ৩০দিন পূর্বে জাতীয় কমিটির নিকট পূর্ণাঙ্গ প্রস্তাব প্রেরণ করবে।

১০.৫ যাচাই বাছাই কাজে সহায়তা করার জন্য মহাপরিচালক, যুব উন্নয়ন অধিদপ্ত একটি উপ-কমিটি গঠন করতে পারবেন।

১০.৬ সারাদেশ থেকে মেধা তালিকায় ০৩জন সফল আত্মকর্মীকে পুরস্কার প্রদানের ক্ষেত্রে কেন্দ্রীয় মনোনয়ন কমিটির সভাপতি-মহাপরিচালক, যুব উন্নয়ন অধিদপ্তর তাদের গৃহীত প্রকল্পসমূহ সরেজমিন পরিদর্শনের ব্যবস্থা গ্রহণ করবেন। এতদুদ্দেশ্যে মহাপরিচালক একাধিক কর্মকর্তাকে নিয়ে পরিদর্শন কমিটি গঠন করবেন। কমিটি প্রকল্প পরিদর্শন করে চূড়ান্ত মতামত দিবেন।

১০.৭ ৮ বিভাগ হতে যে ৮ জন সফল আত্মকর্মী যুবপুরস্কারের জন্য নির্বাচিত হবেন তাদের গৃহীত প্রকল্পসমূহ সংশ্লিষ্ট বিভাগীয় কমিশনার/ মহাপরিচালক, যুব উন্নয়ন অধিদপ্তর কর্তৃক মনোনীত কেন্দ্রীয় কমিটির সদস্য পরিদর্শন করে চূড়ান্ত মতামত দিবেন।

১০.৮ কমিটির বিবেচনায় এতদসংক্রান্ত অন্য কোনো সুপারিশ(যদি থাকে)

**১১.০ জেলা মনোনয়ন কমিটি ঃ**

| | | |
|---|---|---|
| ১) | জেলা প্রশাসক | সভাপতি |
| ২) | উপ-পরিচালক কৃষিসম্প্রসারন অধিদপ্তর | সদস্য |
| ৩) | জেলা তথ্যকর্মকর্তা | সদস্য |
| ৪) | জেলা প্রাণিসম্পদ কর্মকর্তা | সদস্য |
| ৫) | জেলা মৎস্যকর্মকর্তা | সদস্য |
| ৬) | উপ-পরিচালক,সমাজসেবা | সদস্য |
| ৭) | জেলা মহিলা বিষয়ক কর্মকর্তা | সদস্য |
| ৮) | জেলা সমবায় কর্মকর্তা | সদস্য |
| ৯) | জেলা আনসার ও ভিডিপি কর্মকর্তা | সদস্য |
| ১০) | জেলা ক্রীড়া অফিসার | সদস্য |
| ১১) | উপ-পরিচালক,পল্লী উন্নয়ন বোর্ড | সদস্য |
| ১২) | কো-অর্ডিনেটর/ডেপুটি কো-অর্ডিনেটর, যুব প্রশিক্ষণকেন্দ্র | সদস্য |
| ১৩) | যুবসংগঠনের একজন উপযুক্ত প্রতিনিধি(জেলা প্রশাসক কর্তৃক মনোনীত) | সদস্য |
| ১৪) | জাতীয় যুবপুরস্কারপ্রাপ্ত একজন সফল আত্মকর্মী(জেলা প্রশাসক কর্তৃক মনোনীত) | সদস্য |
| ১৫) | উপ-পরিচালক,যুব উন্নয়ন অধিদপ্তর | সদস্য-সচিব |

**কমিটির কর্মপরিধি ঃ**

১১.১ আবেদনকৃত প্রার্থীর প্রকল্প সরেজমিন পরিদর্শন করা এবং প্রস্তাবের সাথে প্রতিবেদন প্রেরণসহ প্রয়োজনীয় সিডি/তথ্যচিত্র সরবরাহ।

১১.২ প্রার্থীর গৃহীত প্রকল্পের বিগত ০৩(তিন)বছরের আয়-ব্যয়ের হিসাব পর্যালোচনা।

১১.৩ জেলা পর্যায় হতে জাতীয় যুব পুরস্কারের জন্য প্রাপ্ত আবেদনপত্রসমূহ নীতিমালা অনুসারে যাচাই-বাছাইপূর্বক কেন্দ্রীয় কমিটি কর্তৃক নির্ধারিত পুরুষদের ক্ষেত্রে ০১(এক)জন,নারীদের ক্ষেত্রে ০১(এক)জন,বিশেষ চাহিদা সম্পন্ন/অটিষ্টিক ক্ষেত্রে (যদি পাওয়া যায়) ০১(এক)জন সফল আত্মকর্মী প্রার্থীর প্রস্তাব (সকল তথ্য ও প্রমাণ পৃষ্ঠা নম্বরসহ) স্পাইরাল বাইন্ডিং করে নির্ধারিত সময়ের মধ্যে কেন্দ্রীয় মনোনয়ন কমিটির সভাপতি বরাবর যুব উন্নয়ন অধিদপ্তরের প্রধান কার্যালয়ে প্রেরণ।

১১.৪ জেলা পর্যায় হতে শ্রেষ্ঠ যুবসংগঠক নির্বাচনের জন্য পুরুষদের ক্ষেত্রে ০১(এক)জন,নারীদের ক্ষেত্রে ০১(এক)জন ও বিশেষ চাহিদা সম্পন্ন/অটিষ্টিক কোটায় (যদি পাওয়া যায়) ০১(এক)জন উপযুক্ত প্রার্থীর প্রস্তাব নীতিমালা অনুসারে যাচাই বাছাইপূর্বক স্পাইরাল বাইন্ডিং করে সূচিপত্রসহ (সকল তথ্য ও প্রমাণ পৃষ্ঠা নম্বরসহ) নির্ধারিত সময়ের মধ্যে কেন্দ্রীয় মনোনয়ন কমিটির সভাপতি বরাবর যুব উন্নয়ন অধিদপ্তরের প্রধান কার্যালয়ে প্রেরণ।

**১২.০ যুবপুরস্কার প্রদানে সফল আত্মকর্মী নির্বাচনের ক্ষেত্রে বিবেচ্য বিষয়ঃ**

**১২.১ প্রকল্প গ্রহণকারীর অতীত ও বর্তমানঃ**

প্রার্থীর পারিবারিক অবস্থা,শিক্ষাজীবন,বেকার জীবন, প্রশিক্ষণের বিষয় ও প্রশিক্ষণকাল ইত্যাদি বিস্তারিত পর্যালোচনা করে কিভাবে বেকার জীবন থেকে সফল আত্মকর্মী হিসেবে প্রতিষ্ঠিত হয়েছেনসে বিষয় বিবেচনা করতে হবে। নিজের একক প্রচেষ্টায় সফল আত্মকর্মীকে প্রাধান্য দিতে হবে।

**১২.২ প্রকল্প গ্রহণকারীর বয়স ঃ**

জাতীয় যুবনীতি অনুযায়ী ১৮-৩৫ বছর বয়সী যুব উন্নয়ন অধিদপ্তর থেকে প্রশিক্ষণ গ্রহণকারী আত্মকর্মী। প্রশিক্ষণোত্তর আত্মকর্মসংস্থানমূলক প্রকল্প গ্রহণ করে সাফল্য অর্জনের ক্ষেত্রে সর্বোচ্চ ৪৫ বছর পর্যন্ত জাতীয় যুব পুরস্কার পাওয়ার বয়সসীমা বিবেচনা করা হবে।

১২.৩ বিভাগীয়/জেলা/উপজেলা পর্যায়ের যুব ও অন্যান্য কার্যক্রমে সরকার কর্তৃক স্বীকৃত/পুরস্কার পাওয়াকে অতিরিক্ত যোগ্যতা বলে বিবেচনা করা হবে ( প্রামানিক সনদপত্রের আলোকে)।

**১২.৪ প্রকল্পের ধরণ ঃ**

যুব উন্নয়ন অধিদপ্তর থেকে যে সকল ট্রেডে প্রশিক্ষণ দেয়া হয়ে থাকে, সে সকল ট্রেডের মধ্যে প্রশিক্ষণ গ্রহণকারীর গৃহীত প্রকল্প বিবেচনাযোগ্য হবে। তবে যে ট্রেডে প্রশিক্ষণ গ্রহণ করেছে সে ট্রেডে প্রকল্প গ্রহণ করা হয়ে থাকলে অগ্রাধিকার দেয়া যাবে। একাধিক বিষয়ে সমন্বিত প্রকল্পও বিবেচনায় আনা যেতে পারে।

**১২.৫ প্রকল্পের মেয়াদ ঃ**

প্রশিক্ষণের পর গৃহীত প্রকল্পের মেয়াদ কমপক্ষে ০৩(তিন) বছর হতে হবে।

**১২.৬ প্রকল্পের প্রাথমিক ও বর্তমান মূলধনঃ**

গৃহীত প্রকল্পের প্রাথমিক মূলধনের পরিমাণ ও এর উৎস এবং বর্তমান মূলধন পর্যালোচনা করতে হবে। প্রকল্প গৃহণকারী যুব উন্নয়ন অধিদপ্তর ও অন্যান্য সরকারি/বেসরকারি আর্থিক প্রতিষ্ঠান থেকে ঋণ গ্রহণ করে থাকলে তা পরিশোধ হয়েছে কিনা প্রমাণপত্রসহ দেখাতে হবে।

**১২.৭ বার্ষিক নিট আয় ঃ**

প্রার্থীর গৃহীত প্রকল্পের যা প্রকল্প গ্রহণের তারিখ হতে ধারাবাহিক রেকর্ড থাকতে হবে।মোট আয় থেকে মোট ব্যয় বাদ দিয়ে বার্ষিক নিট আয়ের পরিমাণ অন্যূন ২,০০,০০০/-(দুই লক্ষ) টাকা হতে হবে। প্রকল্পের বিগত ০৩(তিন) বছরের আয়- ব্যয়ের হিসাব অবশ্যই সংযুক্ত করতে হবে (বিগত তিন বছরের ব্যাংক স্টেটমেন্ট,ক্যাশ/লেজারসহ/আনুষাঙ্গিক কাগজপত্র)। তবে উপজাতিদের ক্ষেত্রে কমপক্ষে আয় ১,০০,০০০/- (এক লক্ষ) টাকা বিবেচনা করা যেতে পারে।

**১২.৮ প্রকল্পে নিয়োজিত লোকসংখ্যাঃ**

প্রার্থীর গৃহীত প্রকল্পে কতজন বেকার যুবক ও যুবমহিলার কর্মসংস্থানের সুযোগ সৃষ্টি হয়েছে তা বিবেচনায় আনতে হবে। তার প্রকল্পে পরিবারের কতজন সদস্য কর্মরত আছেন এবং কতজন মজুরিভিত্তিক কর্মচারী আছেন তাও বিবেচনায় আনতে হবে।

**১২.৯ সমাজ ও জাতীয় উন্নয়নে প্রকল্প গ্রহণকারীর অবদানের ক্ষেত্র ঃ**

যুবনেতৃত্বে বিকাশে ভূমিকা,জীবন দক্ষতামূলক কার্যক্রম, নিরক্ষরতা দূরীকরণ,কারিগরী প্রশিক্ষণ,প্রযুক্তি উন্নয়ন, কর্মসংস্থানে নতুন ক্ষেত্র উদ্ভাবন,প্রাকৃতিক সম্পদের সদ্ব্যবহার,পরিবেশ সংরক্ষণ ও বৃক্ষরোপন, জঙ্গি ও সন্ত্রাসবাদ প্রতিরোধে সচেতনতা সৃষ্টি, জনসংখ্যা নিয়ন্ত্রণ, স্থানীয় সরকারের সাথে আইন-শৃংখলা উন্নয়ন কর্মকাণ্ড,ধূমপান ও মাদকবিরোধী অভিযান,সন্ত্রাস ও অন্যান্য সমাজবিরোধী কর্মকাণ্ড প্রতিরোধ কার্যক্রমে অংশগ্রহণ,মা ও শিশুস্বাস্থ্য,প্রজনন স্বাস্থ্য,এসটিডি/এইডস,স্যানিটেশন, বায়োগ্যাস প্রকল্প,সৌরচুল্লি,পরিষ্কার পরিচ্ছন্নতা, প্রাকৃতিক দুর্যোগ মোকাবিলায় প্রার্থীর ভূমিকা, এসিড নিক্ষেপ, বাল্যবিবাহ,বহুবিবাহ ও যৌতুকবিরোধী আন্দোলনে প্রার্থীর ভূমিকা, ক্রীড়া ও সাংস্কৃতিক কর্মকাণ্ডসহ বিভিন্ন সমাজ উন্নয়নমুলক কর্মকাণ্ডের এক বা একাধিক ক্ষেত্রে সরকার কর্তৃক স্বীকৃত প্রতিষ্ঠান থেকে প্রাপ্ত সনদপত্র বিবেচনায় আনা হবে।

১২.১০ জাতীয় যুবপুরস্কারের ক্ষেত্রে কেউ একবার পুরস্কারপ্রাপ্ত হলে একই ক্যাটগরীতে দ্বিতীয়বার তিনি পুরস্কার প্রাপ্তির জন্য

বিবেচিত হবেন না।

**১৩.০ যুবপুরস্কার প্রদানে যুবসংগঠক নির্বাচনের বিবেচ্য বিষয়ঃ**

১৩.১ যুবসংগঠকের বয়স ১৮ থেকে তদুর্ধ্ব (সংগঠকেরক্ষেত্রে বয়সের সুনিদিষ্ট গণ্ডি বা সীমারেখা নেই)।

১৩.২ আবেদনকারী যুবসংগঠকের যুবসংগঠন পরিচালনার ক্ষেত্রে কমপক্ষে ১০ বছরের বাস্তব অভিজ্ঞতা থাকতে হবে।

১৩.৩ যুব উন্নয়ন অধিদপ্তর ছাড়াও অন্যান্য প্রতিষ্ঠানের সঙ্গে কাজ করার ক্ষেত্রে সম্পৃক্ততা আছে কিনা তা উল্লেখ করতে হবে।

১৩.৪ আবেদনকারীর নিজ সংগঠনে কার্যক্রমের ক্ষেত্রে তার ভূমিকা (২৫০ শব্দের মধ্যে) বর্ণনা দিতে হবে।

১৩.৫ যুবসংগঠক হিসেবে দেশে কর্মসংস্থান সৃষ্টিসহ আর্থ-সামাজিক উন্নয়নে কি কি অবদান রেখেছেন তার তথ্য ও প্রমাণভিত্তিক বিবরণ ঃ

যুবনেতৃত্বে বিকাশে ভূমিকা, জীবন দক্ষতামূলক কার্যক্রম, নিরক্ষরতা দূরীকরণ,কারিগরী প্রশিক্ষণ,প্রযুক্তি উন্নয়ন, কর্মসংস্থানে নতুন ক্ষেত্র উদ্ভাবন, প্রাকৃতিক সম্পদের সদ্ব্যবহার, পরিবেশ সংরক্ষণ ও বৃক্ষরোপন,জঙ্গি ও সন্ত্রাসবাদ প্রতিরোধে সচেতনতা সৃষ্টি, জনসংখ্যা নিয়ন্ত্রণ,স্থানীয় সরকারের সাথে আইন-শৃংখলা উন্নয়ন কর্মকাণ্ড, ধুমপান ও মাদকবিরোধী অভিযান, সন্ত্রাস ও অন্যান্য সমাজবিরোধী কর্মকাণ্ড প্রতিরোধ কার্যক্রমে অংশগ্রহণ,মা ও শিশুস্বাস্থ্য,প্রজনন স্বাস্থ্য, এসটিডি/এইডস, স্যানিটেশন, বায়োগ্যাস প্রকল্প, সৌরচুল্লি, পরিষ্কার পরিচ্ছন্নতা, প্রাকৃতিক দুর্যোগ মোকাবিলায় অংশগ্রহণে প্রার্থীর ভূমিকা, এসিড নিক্ষেপ, বাল্যবিবাহ, বহুবিবাহ ও যৌতুকবিরোধী আন্দোলনে প্রার্থীর ভূমিকা ক্রীড়া ও সাংস্কৃতিক কর্মকাণ্ডসহ বিভিন্ন সমাজ উন্নয়নমূলক কর্মকাণ্ডের এক বা একাধিক ক্ষেত্রে উল্লেখযোগ্য অবদান থাকতে হবে। সরকার বা সরকার কর্তৃক অনুমোদিত প্রতিষ্ঠান থেকে প্রাপ্ত স্বীকৃতি ।

১৩.৬ দেশীয় সম্পদের সদ্ব্যবহার, নিজস্ব শ্রম ও মেধার প্রয়োগে নেতৃত্ব বিকাশকে অগ্রাধিকার দেয়া।

১৩.৭ জাতীয় যুবপুরস্কারের ক্ষেত্রে কেউ একবার পুরস্কারপ্রাপ্ত হলে একই ক্যাটগরীতে দ্বিতীয়বার তিনি পুরস্কার প্রাপ্তির জন্য বিবেচিত হবেন না।

**১৪.০ সফল আত্মকর্মীর আবেদনের শর্তাবলী(যে সকল রেকর্ড জমা দিতে হবে তার তালিকা)ঃ**

১৪.১ জাতীয় যুবপুরস্কারের জন্য নির্ধারিত ছকে অর্থাৎ সফল আত্মকর্মীকে(পরিশিষ্ট-ক)নির্ধারিত ফরমে আবেদন করতে হবে।

১৪.২ নির্দিষ্ট সময়ের মধ্যে আবেদন দাখিল করতে হবে।

১৪.৩ জাতীয় যুবপুরস্কারের জন্য সফল আত্মকর্মীর বয়স ১৮-৪৫ বছর হতে হবে।

১৪.৪ যুব উন্নয়ন অধিদপ্তর থেকে যে কোন ট্রেডে প্রশিক্ষণপ্রাপ্ত হতে হবে।

১৪.৫ প্রশিক্ষণের পর গৃহীত প্রকল্পের মেয়াদ আত্মকর্মীর ক্ষেত্রে কমপক্ষে ০৩(তিন) বছর হতে হবে।

১৪.৬ জেলায় প্রাপ্ত আবেদনকারীদের মধ্যে সার্বিক বিবেচনায় সফল আত্মকর্মীর আবেদন বিবেচনায় আনতে হবে।

১৪.৭ আবেদনকারীদের প্রকল্প সরেজমিনে পরিদর্শন করে প্রার্থী নির্বাচন করতে হবে।

১৪.৮ আবেদনপত্রের সাথে উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তার নিকট থেকে প্রকল্প সম্পর্কিত সনদ/প্রত্যায়নপত্র দাখিল করতে হবে।

১৪.৯ কোনো ঋণ খেলাপি যুব আবেদন করতে পারবেন না।

১৪.১০ সফল আত্মকর্মী আবেদনকারীর এসএসসি/সমমানের পরীক্ষার সনদপত্র/ জাতীয় পরিচয়পত্র সনদ অনুযায়ী বয়স বিবেচনা করা হবে।

১৪.১১ আবেদনপত্রের সাথে সদ্য তোলা ০৪(চার)কপি পাসপোর্ট ও ০৩(তিন)কপি স্ট্যাম্প সাইজ ছবি দাখিল করতে হবে।

১৪.১২ নির্বাচিত প্রার্থীর বার্ষিক নিট আয় কমপক্ষে ২,০০,০০০/(দুই লক্ষ) টাকা হতে হবে। তবে উপজাতিদের ক্ষেত্রে সর্বনিম্ন আয় ১,০০,০০০/-(এক লক্ষ)টাকা বিবেচনা করা যাবে। যার সমর্থনে ধারাবাহিক আর্থিক প্রতিবেদন দাখিল করতে হবে।

১৪.১৩ আবেদনকারীকে আয়ের সমর্থনে ব্যাংক স্টেটমেন্ট দাখিল করতে হবে।

**১৫.০ শ্রেষ্ঠ যুবসংগঠকের পুরস্কারের জন্য আবেদনের শর্তাবলীঃ**

১৫.১ জাতীয় যুবপুরস্কারের জন্য নির্ধারিত ছকে যুবসংগঠককে(পরিশিষ্ট-খ) আবেদন করতে হবে।

১৫.২ নির্দিষ্ট সময়ের মধ্যে আবেদন দাখিল করতে হবে।

১৫.৩ যুবসংগঠকের বয়স ১৮ থেকে তদুর্ধ্ব (সংগঠকের ক্ষেত্রে বয়সের সুনির্দিষ্ট গণ্ডি বা সীমারেখা নেই)।

১৫.৪ আবেদনকারী সংগঠকের যুবসংগঠন পরিচালনার ক্ষেত্রে কমপক্ষে ১০ বছরের বাস্তব অভিজ্ঞতা থাকতে হবে ।

১৫.৫ যুব উন্নয়ন অধিদপ্তরের কাজের সঙ্গে সম্পৃক্ততা থাকতে হবে। এছাড়া অন্যান্য প্রতিষ্ঠানের সঙ্গে কাজের সম্পৃক্ততা অতিরিক্ত যোগ্যতা হিসেবে বিবেচনা করা হবে ।

১৫.৬ জাতীয় পর্যায়ে যুব উন্নয়ন বিষয়ক ভূমিকা থাকতে হবে।

১৫.৭ আবেদনপত্রের সাথে সদ্য তোলা ০৪(চার)কপি পাসপোর্ট ও ০৩(তিন)কপি স্ট্যাম্প সাইজ ছবি দাখিল করতে হবে।

১৫.৮ আবেদনপত্রের সাথে পুরস্কারের মনোনয়নের জন্য সংশ্লিষ্ট যুবসংগঠনের পক্ষ থেকে কার্যকরী কমিটির সভার সুপারিশ সম্বলিত কার্যবিবরণী দাখিল করতে হবে।

১৫.৯ সংগঠনটির নিবন্ধনকারী প্রতিষ্ঠান কর্তৃক হালনাগাদ অডিট রিপোর্ট আবেদনপত্রের সাথে দাখিল করতে হবে।

**১৬.০ পুরস্কার প্রদানের লক্ষ্যে আবেদনপত্র আহবান ও প্রধান কার্যালয়ে প্রেরণ পদ্ধতি ঃ**

১৬.১ জাতীয় যুবপুরস্কার প্রদানের লক্ষ্যে প্রতিবছর সরকার কর্তৃক নির্দিষ্ট সময়ে নির্ধারিত ফরমে সফল প্রশিক্ষিত যুব ও যুবসংগঠকদের জন্য দরখাস্ত আহবান করা হবে এবং এজন্য কমপক্ষে দুইটি জাতীয় পত্রিকায় বিজ্ঞপ্তি প্রচারসহ যুব ও ক্রীড়া মন্ত্রণালয় এবং যুব উন্নয়ন অধিদপ্তরের ওয়েব সাইটে প্রকাশ করা হবে।

১৬.২ আবেদনের ফরম বিনামূল্যে জেলা/উপজেলা কার্যালয় অথবা যুব উন্নয়ন অধিদপ্তরের ওয়েব সাইট www.dyd.gov.bd থেকে সংগ্রহ করা যাবে।

১৬.৩ সফল আত্মকর্মী যুব ও যুবসংগঠক এর আবেদন ফরম যথাযথভাবে পুরণপূর্বক সংশ্লিষ্ট কাগজপত্র প্রতি বছর সরকার কর্তৃক নির্দিষ্ট সময়ের মধ্যে যুব উন্নয়ন অধিদপ্তরের জেলা কার্যালয়ে জমা দিতে হবে।

১৬.৪ জেলা কার্যালয়ের প্রাপ্ত আবেদনপত্রের প্রাথমিক তালিকা তৈরী করে তা যাচাই-বাছাই করার জন্য জেলা মনোনয়ন কমিটির নিকট উপস্থাপন করতে হবে।

১৬.৫ জেলা মনোনয়ন কমিটি জাতীয় যুবপুরস্কার প্রদানের জন্য প্রধান কার্যালয়ে প্রস্তাব প্রেরণের ক্ষেত্রে **১১.৩ ও ১১.৪** অনুচ্ছেদের শর্তাবলী অনুসরণ করবে।

১৬.৬ নির্বাচিত প্রার্থীদের ব্যাপারে জেলা মনোনয়ন কমিটির সুপারিশ সম্বলিত সভার কার্যবিবরণী সংযুক্ত করতে হবে।

১৬.৭ প্রাপ্ত আবেদনপত্র জেলা কমিটির সভায় উপস্থাপনের পূর্বে জেলার উপ-পরিচালক/সহকারী পরিচালক প্রকল্পওয়ারী/যুবসংগঠকভিত্তিক দাখিলকৃত তথ্যাদি সরেজমিনে পরিদর্শন করে দাখিল করবেন।

**বিঃ দ্রঃ**

**আবেদনের ফরম ঃ**

| | | |
|---|---|---|
| ক) | সফল আত্মকর্মীর আবেদন ফরম | পরিশিষ্ট- ক |
| খ) | যুবসংগঠকের আবেদন ফরম | পরিশিষ্ট- খ |
| গ) | সফল আত্মকর্মী মূল্যায়ন ফরম | পরিশিষ্ট- গ |
| ঘ) | যুবসংগঠকের মূল্যায়ন ফরম | পরিশিষ্ট- ঘ |

| ৪ কপি পাসপোর্ট সাইজ ও ৩ কপি স্ট্যাম্প সাইজের ছবি |
|---|

পরিশিষ্ট-ক

# জাতীয় যুবপুরস্কারের আবেদন ফরম
## (সফল আত্মকর্মী)

০১। আবেদনকারীর নাম ঃ

০২। পিতা/স্বামীর নাম ঃ

০৩। মাতার নাম ঃ

০৪। বর্তমান ঠিকানা ঃ

০৫। স্থায়ী ঠিকানা ঃ

০৬। জন্ম তারিখ ও বয়স (জাতীয় পরিচয়পত্র/এসএসসি সনদ/জন্ম নিবন্ধন সনদ অনুযায়ী) ঃ

০৭। বর্তমান বয়স ( চলতি বছরের ১ জুন পর্যন্ত ) ঃ

০৮। শিক্ষাগত যোগ্যতা (সর্বোচ্চ) ঃ

০৯। যুব উন্নয়ন অধিদপ্তর থেকে প্রাপ্ত প্রশিক্ষণের বিষয়,প্রশিক্ষণ কেন্দ্রের নাম ও প্রশিক্ষণ গ্রহণের মেয়াদ তারিখসহ (সনদপত্রের সত্যায়িত কপি সংযুক্ত করতে হবে) ঃ

১০। প্রশিক্ষণ বিষয় ও প্রশিক্ষণ গ্রহণের সময়কাল ঃ

১১। প্রকল্পের নাম,ধরন ও প্রকল্প গ্রহণ/শুরুর তারিখ ঃ

১২। প্রকল্পে বর্তমান মেয়াদ ( চলতি বছরের ১ জুন পর্যন্ত ) ঃ

১৩। ক) প্রকল্পের প্রাথমিক ও বর্তমান মূলধন (নিজস্ব তহবিল, ঋণ গ্রহণ করে থাকলে উৎস ও পরিমাণ, পরিশোধের পরিমাণ ইত্যাদির তথ্যভিত্তিক বিবরণী, ক্যাশ বহি ও লেজার বুক অনুযায়ী ব্যাংক স্টেটমেন্ট সর্বশেষ ২ বছরের) ঃ

খ) গৃহীত প্রকল্পের বার্ষিক নিট আয় ঃ

গ) প্রকল্পের কর্মরত মোট জনবল (নাম ঠিকানা ও মোবাইল নম্বরসহ) ঃ

১৪। পূর্ববর্তী ০৩(তিন) বছরের প্রকল্পের আয় ব্যয়ের বিস্তারিত হিসাব বিবরণী দাখিল করতে হবে। ঃ

১৫। প্রকল্পের বর্তমান সম্পদের পরিমাণ (জমি/পুকুরের পরিমাণ,যন্ত্রপাতি,আসবাবপত্র ইত্যাদি স্থায়ী ও অস্থায়ী সম্পদের তথ্যভিত্তিক বিবরণ উল্লেখ থাকতে হবে। ১৩(ক) এর বর্ণিত মূলধন ব্যতীত অন্যান্য সম্পদের পরিমাণ)। ঃ

১৬। আবেদনকারীর সাফল্যের সংক্ষিপ্ত ইতিহাস ঃ
(আত্মকর্মসংস্থানে সফল যুবর সাফল্য কাহিনী অনধিক ২৫০ শব্দ )

১৭। **যুব উন্নয়ন বিষয়ক অন্যান্য কর্মসূচিতে তার অবদানঃ** ঃ
(যদি থাকে/ অবদান থাকলে তার স্বপক্ষে সরকার বা সরকার অনুমোদিত প্রতিষ্ঠানের উপযুক্ত প্রমাণপত্র )

১৮। জাতীয়/বিভাগীয়/জেলা/উপজেলা পর্যায়ে যুব ও অন্যান্য কার্যক্রমে সরকার স্বীকৃত শ্রেষ্ঠ পুরস্কার প্রাপ্তির (যদি থাকে) বিবরণ ঃ

১৯। উদ্যোক্তা হিসেবে অবদানের জন্য জাতীয়/বিভাগীয়/ জেলা/ উপজেলা পর্যায়ে যুব ও অন্যান্য কার্যক্রমে সরকার স্বীকৃত দপ্তর/প্রতিষ্ঠান হতে স্বীকৃতির বিবরণ। ঃ

২০। বিশেষ চাহিদা সম্পন্ন /অটিস্টিক কোটায় আবেদন করেছেন কিনা? উত্তর হ্যাঁ হলে জেলা যুবপুরস্কার মনোনয়ন কমিটির সদস্য সচিব কর্তৃক যাচাইপূর্বক প্রতিবেদন দাখিল করতে হবে। ঃ

বিঃদ্রঃ প্রযোজ্য ক্ষেত্রে অতিরিক্ত কাগজে বিস্তারিত তথ্য প্রদান করা যাবে।

তারিখঃ

আবেদনকারীর স্বাক্ষর
(সীল)

পরিশিষ্ট-খ

# জাতীয় যুবপুরস্কারের আবেদন ফরম
## (শ্রেষ্ঠ যুবসংগঠক)

৪ কপি পাসপোর্ট সাইজ ও ৩ কপি স্ট্যাম্প সাইজের ছবি

| | | |
|---|---|---|
| ০১। | যুবসংগঠকের নাম | ঃ |
| ০২। | পিতা/স্বামীর নাম | ঃ |
| ০৩। | মাতার নাম | ঃ |
| ০৪। | বর্তমান ঠিকানা | ঃ |
| ০৫। | স্থায়ী ঠিকানা | ঃ |
| ০৬। | জন্ম তারিখ ও বয়স (জাতীয় পরিচয়পত্র/এসএসসি /জন্ম নিবন্ধন সনদ) | ঃ |
| ০৭। | বর্তমান বয়স ( চলতি বছরের ১ জুন পর্যন্ত ) | ঃ |
| ০৮। | শিক্ষাগত যোগ্যতা (সর্বোচ্চ) | ঃ |
| ০৯। | পেশা | ঃ |
| ১০। | আবেদনকৃত যুবসংগঠনের নাম,ঠিকানা ও প্রতিষ্ঠার তারিখ | ঃ |
| ১১। | যুবসংগঠনের বর্তমান মেয়াদ (চলতি বছরের ১ জুন পর্যন্ত ) | ঃ |
| ১২। | যুবসংগঠনে সম্পৃক্ত হওয়ার সময় এবং সংগঠনে তার পদবী | ঃ |
| ১৩। | প্রতিষ্ঠাকালে যুবসংগঠনের ঠিকানা এবং বর্তমান ঠিকানা | ঃ |
| ১৪। | একাধিক যুবসংগঠন থাকলে নাম ও ঠিকানা এবং বর্তমান ঠিকানা | ঃ |
| ১৫। | ক)সংগঠনের সরকারি নিবন্ধন নম্বর/স্বীকৃত পত্রের নং- (যুব উন্নয়ন অধিদপ্তর হতে) | ঃ |
| | খ) নিবন্ধনকারী সংস্থার নাম | ঃ |
| | গ) যুব উন্নয়ন অধিদপ্তরে তালিকাভুক্তি নম্বর | ঃ |
| ১৬। | আবেদনকারীর সাফল্যের সংক্ষিপ্ত ইতিহাস (অনধিক ২৫০ শব্দের মধ্যে প্রমানক সহ) | ঃ |
| ১৭। | ০১ জুলাই তারিখ হতে বিগত ৫(পাঁচ) বছরের সার্বিক যুব উন্নয়ন কর্মকান্ডে অবদানের বিবরণ (উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা কর্তৃক সত্যায়িত হতে হবে) | ঃ |
| ১৮। | আত্মকর্মসংস্থান/কর্মসংস্থানে তার কোন অবদান আছে কিনা? থাকলে কি কি ? (প্রমানক সহ) | ঃ |
| ১৯। | আর্থ-সামাজিক উন্নয়নে তার অবদান/উদ্যোগ (উপযুক্তপ্রমানপত্র সহ) | ঃ |
| ২০। | সামাজিক কর্মকান্ডে অবদানের জন্য জাতীয় কিংবা আন্তর্জাতিক পর্যায়ে সরকার কর্তৃক স্বীকৃত অন্য কোন পুরস্কার পেয়েছেন কিনা ?পেয়ে থাকলে কি কি?(প্রমানক সহ) | ঃ |
| ২১। | স্বেচ্ছাসেবী সংগঠনটি তার মাধ্যমে কিভাবে উপকৃত হয়েছে, যুব সংগঠনটি চলমান রাখার ক্ষেত্রে তার ভূমিকা কি ছিল(সুনির্দিষ্ট বর্ণনা) | ঃ |
| ২২। | যুবসংগঠন থেকে তিনি মাসিক কোন বেতন/সম্মানী/লভ্যাংশ/শেয়ার গ্রহণ করেন কিনা, করে থাকলে তার বিবরণ(পরিচালক পদবী ধারী ব্যক্তি আবেদন করার জন্য বিবেচিত হবে না) | ঃ |
| ২৩। | আবেদনকারীর সংগঠনের কার্যক্রমের মাধ্যমে স্থানীয় সমাজ কিভাবে উপকৃত হয়েছে তার সুনির্দিষ্ট বিবরণ। | ঃ |
| ২৪। | জাতীয়/বিভাগীয়/জেলা/উপজেলা পর্যায়ে আবেদনকারী তার সফলতার জন্য ইতোপূর্বে কোনো পুরস্কার/সনদ পেয়েছেন কিনা (পেয়ে থাকলে তার বিবরণ) | ঃ |
| ২৫। | আবেদনকারীর সংগঠনটি এনজিও ব্যুরো থেকে নিবন্ধনকৃত কিনা এবং বিদেশিকোন অনুদান পেয়েছে কিনা (পেয়ে থাকলে তার বিবরণ,বর্ষ,পরিমাণ এবং কার্যক্রম) | ঃ |
| ২৬। | বিশেষ চাহিদা সম্পন্ন /অর্টিস্টিক কোটায় আবেদন করেছেন কিনা? উত্তর হ্যাঁ, হলে জেলা যুবপুরস্কার মনোনয়ন কমিটির সদস্য-সচিব কর্তৃক যাচাইপূর্বক প্রতিবেদন দাখিল করতে হবে। | ঃ |
| ২৭। | অন্যান্য তথ্য (যদি থাকে) | ঃ |

বিঃদ্রঃ প্রযোজ্য ক্ষেত্রে অতিরিক্ত কাগজে বিস্তারিত তথ্য/আলোকচিত্র/সনদপত্র/পত্রিকার কাটিং ইত্যাদি প্রদান করা যাবে।

তারিখঃ

আবেদনকারীর স্বাক্ষর
(সীল)

# জাতীয় যুবপুরস্কার (আত্মকর্মী)
## নম্বর বন্টন পদ্ধতি
## (মোট নম্বর-৫০)

০১। **মেয়াদ ঃ** প্রকল্পের মেয়াদ প্রথম ৩ বছরের জন্য ১ নম্বর এবং অতিরিক্ত প্রতি বছরের জন্য ১ নম্বরএবং সর্বোচ্চ ১০ নম্বর।

০২। **বর্তমান মূলধনঃ** প্রকল্পে/উৎপাদনে নিয়োজিত মূলধন প্রথম ৩,০০,০০০/-(তিন লক্ষ) টাকার জন্য ১ নম্বর এবং পরবর্তীতে প্রতি ১,০০,০০০/- (এক লক্ষ) টাকার জন্য ১ নম্বর সর্বোচ্চ ১০ নম্বর।

০৩। **নিট আয় ঃ** বাৎসরিক ২ লক্ষ টাকার জন্য ১ নম্বর এবং অতিরিক্ত প্রতি ৫০ হাজার টাকার জন্য ১ নম্বর। সর্বোচ্চ ১০ নম্বর ।
উপজাতিয়দের জন্য বাৎসরিক ১ লক্ষ টাকার জন্য ১ এবং অতিরিক্ত প্রতি ২৫ হাজার টাকার জন্য ১ নম্বর। সর্বোচ্চ ১০ নম্বর ।

০৪। **জনবলঃ (প্রকল্পে কর্মরত)** প্রথম ৪ জনের জন্য ১ নম্বর এবং পরবর্তী প্রতি ৩ জনের জন্য ১ নম্বর, সর্বোচ্চ ৫ নম্বর।

০৫। সামাজিক কর্মকাণ্ডে ইতিবাচক অবদান (সুস্পষ্ট তথ্য ও প্রমাণাদিসহ) এক্ষেত্রে প্রতি দুটি কর্মকাণ্ডে অবদানের জন্য ১ নম্বর এবং সর্বোচ্চ ৫ নম্বর।

০৬। **জাতীয়/বিভাগীয়/জেলা/উপজেলা পর্যায়ে যুব ও অন্যান্য কার্যক্রমে সরকার স্বীকৃত শ্রেষ্ঠ পুরস্কার ঃ**
জাতীয় পর্যায়ে প্রতিটির জন্য ২ নম্বর, বিভাগীয় পর্যায়ে প্রতিটির জন্য ১ নম্বর, জেলা ও উপজেলা পর্যায়ে প্রতি ০২টির জন্য ১ নম্বর, সর্বোচ্চ ৬ নম্বর।

০৭। আত্মকর্মী/উদ্যোক্তা সৃষ্টিতে অবদান ঃ ৩ জনের জন্য ১ নম্বর পরবর্তী প্রতি ২ জনের জন্য ১ নম্বর সর্বোচ্চ ৪ নম্বর।

**(দাবিকৃত কার্যক্রম ও তথ্যের অনুকূলে উপযুক্ত প্রমাণক দাখিল করতে হবে)**

## সফল আত্মকর্মী মূল্যায়ণ ছক

| প্রশিক্ষণ গ্রহণের তারিখ | প্রকল্প শুরুর তারিখ | প্রকল্পের মেয়াদ | প্রকল্প মেয়াদের ওপর প্রাপ্ত নম্বর | প্রকল্পের প্রাথমিক মূলধন | প্রকল্পের বর্তমান মূলধন | বর্তমান মূলধনের ওপর প্রাপ্ত নম্বর | প্রকল্পের বার্ষিক নিট আয় | বার্ষিক নিট আয়ের ওপর প্রাপ্ত নম্বর | প্রকল্পে নিয়োজিত জনবলের সংখ্যা | জনবলের জন্য প্রাপ্ত নম্বর | সামাজিক কর্মকাণ্ডে অবদানের জন্য (তথ্য ও চিত্র প্রমানাদি সহ) প্রাপ্ত নম্বর | জাতীয়/ বিভাগীয়/ জেলা/উপজেলা পর্যায়ে সরকার কর্তৃক স্বীকৃত শ্রেষ্ঠ পুরস্কার প্রতিটির জন্য প্রাপ্ত নম্বর | আর্ত্মক র্মী/ উদ্যেক্তা সৃষ্টিতে অবদানের জন্য প্রাপ্ত নম্বর | মোট প্রাপ্ত নম্বর (৪+৭ +৯+ ১১+১২ +১৩+ ১৪) | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ | ১০ | ১১ | ১২ | ১৩ | ১৪ | ১৫ | ১৬ |
| | | | | | | | | | | | | | | | |

পরিশিষ্ট-ঘ

# জাতীয় যুবপুরস্কার (যুবসংগঠক)

নম্বর বন্টন পদ্ধতি

**(মোট নম্বর-৫০)**

০১। **যুবসংগঠন পরিচালনা ঃ**

সংগঠক হিসেবে যুবসংগঠন পরিচালনার ক্ষেত্রে ৫ বছর পূর্তির জন্য ১ নম্বর, পরবর্তী প্রতি বছরের জন্য ১ নম্বর, সর্বোচ্চ ১০ নম্বর।

০২। **আত্মকর্মসংস্থানে অবদান ঃ**

ক) **প্রশিক্ষণ** ঃ প্রথম ১০ জন প্রশিক্ষণার্থীর জন্য ১ নম্বর পরবর্তী ৫ জনের জন্য ১ নম্বর, সর্বোচ্চ ৭ নম্বর।
খ) **আর্থিক ও উপকরণ সহায়তা প্রদান** ঃ প্রতি ১০,০০০/-(দশ হাজার) টাকা মূল্যমানের জন্য ১ নম্বর, সর্বোচ্চ ৩ নম্বর।
সর্বোচ্চ (ক+খ) = ১০ নম্বর।

০৩। **উল্লেখযোগ্য কার্যক্রমে অবদানঃ** (স্বেচ্ছাসেবাসহ, প্রমানিক দলিলপত্র সংযোজন করতে হবে)

যুবনেতৃত্ব বিকাশে ভূমিকা, জীবন দক্ষতামূলক কার্যক্রম, নিরক্ষরতা দূরীকরণ, কারিগরী প্রশিক্ষণ, প্রযুক্তি উন্নয়ন, কর্মসংস্থানে নতুন ক্ষেত্র উদ্ভাবন, প্রাকৃতিক সম্পদের সদ্ব্যবহার, পরিবেশ সংরক্ষণ ও বৃক্ষরোপন,জঙ্গি ও সন্ত্রাসবাদ প্রতিরোধে সচেতনতা সৃষ্টি, জনসংখ্যা নিয়ন্ত্রণ, স্থানীয় সরকারের সাথে আইন শৃঙ্খলা উন্নয়ন কর্মকাণ্ড,ধুমপান ও মাদকবিরোধী অভিযান, সন্ত্রাস ও অন্যান্য সমাজবিরোধী প্রতিরোধ কার্যক্রমে অংশগ্রহণ, মা ও শিশুস্বাস্থ্য, প্রজনন স্বাস্থ্য, অটিজম সংক্রান্ত কার্যক্রম, এসটিডি/এইডস, স্যানিটেশন,বায়োগ্যাস প্রকল্প,সৌরচুল্লি, পরিস্কার পরিচ্ছন্নতা, প্রাকৃতিক দুর্যোগ মোকাবিলায় অংশগ্রহণে প্রার্থীর ভূমিকা, এসিড ও যৌতুকবিরোধী আন্দোলনে প্রার্থীর ভূমিকা, ক্রীড়া ও সাংস্কৃতিক কর্মকাণ্ডসহ বিভিন্ন সমাজ উন্নয়নমূলক কর্মকাণ্ডের এক বা একাধিক ক্ষেত্রে উল্লেখযোগ্য অবদান থাকতে হবে (প্রতি দুটি কর্মকাণ্ডে অবদানের জন্য ১ নম্বর এবং সর্বোচ্চ ১৫ নম্বর )।

০৪। উল্লেখিত বিষয়ে বিশেষ অবদানের জন্য জাতীয় কিংবা আন্তর্জাতিক পর্যায়ে সরকার কর্তৃক স্বীকৃত অন্য কোনো পুরস্কার প্রাপ্তি (যদি থাকে)। জাতীয় পর্যায়ে স্বীকৃতির জন্য ২ নম্বর , আন্তর্জাতিক পর্যায়ে স্বীকৃতির জন্য ৪ নম্বর, সর্বোচ্চ ১০ নম্বর।

০৫। বিভাগীয়/জেলা/উপজেলা পর্যায়ে যুব ও অন্যান্য কার্যক্রমে সরকার স্বীকৃত শ্রেষ্ঠ হিসেবে স্বীকৃতি/পুরস্কার প্রাপ্তির ক্ষেত্রে বিভাগীয় পর্যায়ে স্বীকৃতির জন্য ২ নম্বর, জেলা ও উপজেলা পর্যায়ে স্বীকৃতির জন্য ১ নম্বর, সর্বোচ্চ ৫ নম্বর।

**(দাবিকৃত কার্যক্রম ও তথ্যের অনুকূলে উপযুক্ত প্রমাণক দাখিল করতে হবে)**

## যুবসংগঠক মূল্যায়ন ছক

| সংগঠক হিসেবে যুবসংগঠন পরিচালনায় ১০ বছর পূর্তির জন্য প্রাপ্ত নম্বর | যুবসংগঠন পরিচালনায় অতিরিক্ত প্রতি বছরের জন্য প্রাপ্ত নম্বর | কর্মসংস্থান ও আত্মকর্মসংস্থান সৃষ্টিতে অবদানের জন্য প্রাপ্ত নম্বর | উল্লেখযোগ্য সামাজিক কার্যক্রমে অবদানের জন্য প্রাপ্ত নম্বর | উল্লেখিত বিষয়ে বিশেষ অবদানের জন্য জাতীয়/ আন্তর্জাতিক পর্যায়ে পুরস্কার প্রাপ্তির জন্য প্রাপ্ত নম্বর (যদি থাকে) | জাতীয়/বিভাগীয় /জেলা/উপজেলা পর্যায়ে যুব ও অন্যান্য কার্যক্রমে স্বীকৃতি/পুরস্কারের জন্য প্রাপ্ত নম্বর | মোট প্রাপ্ত নম্বর | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ |
| | | | | | | | |